

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।



মে/২২ইং-জুন/২২ ইং

০৫/০৫/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা যুব ক্রীড়া উন্নয়ন স্থানীয় কমিটির কার্যবিবরণী :-
সভাপতি : মো: নূর জামাল হাওলাদার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নানিয়ারচর, রাঙ্গামাটি।
সভার স্থান: উপজেলা ভাইস চেয়ারম্যান অফিস কক্ষ।
তারিখ: ০৫/০৫/২০২২ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা।

অদ্য ০৫/০৫/২০২২ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সভাপতি, যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি এবং ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ নানিয়ারচর, রাঙ্গামাটি এর অফিস কক্ষে তার সভাপতিত্বে উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	প্রায়মান প্রশিক্ষণ ও যুব ঋণ বিতরণ	উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্থানীয় কমিটির সভাপতি জনাব মো: নূর জামাল হাওলাদার উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি কমিটির সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে যুব ও ক্রীড়া কার্যক্রম সম্পর্কে আলোচনা করার জন্য আহ্বান জানান। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে উপজেলার ০১(এক) ব্যাচের মোট ৩০(ত্রিশ)জন বেকার যুব ও যুব মহিলার সমন্বয়ে স্থানীয় চাহিদার ভিত্তিতে প্রশিক্ষণ এবং ০৮(আট)জন বেকার যুব ও যুব মহিলাদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে যুব ঋণ দেওয়া যেতে পারে। এ ব্যাপারে উপজেলা পরিষদকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা যেতে পারে।	সভাপতি মহোদয় ও উপস্থিত সদস্যগণ যুব উন্নয়ন কর্মকর্তার সাথে একমত পোষন করে ০১(এক) ব্যাচের মোট ৩০(ত্রিশ) যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ এবং যুব ঋণ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

(মো: নূর জামাল হাওলাদার)

সভাপতি, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্থানীয় কমিটি
ও ভাইস চেয়ারম্যান, নানিয়ারচর, রাঙ্গামাটি।

তারিখ: ০৫/০৫/২০২২ খ্রি:

স্মারক নং- ৩৪.০১.৮৪৭৫.০০০.০৬.১০৬.১৫-৬৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নানিয়ারচর, রাঙ্গামাটি।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, নানিয়ারচর, রাঙ্গামাটি।
- ০৪। চেয়ারম্যান,.....ইউপি (সকল)
- ০৫। অফিস কপি।

(মো: আজিজুল হক)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(চ:দা:)
নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।